স্পাইন, স্ট্রোক এন্ড নার্ভ বিশেষজ্ঞ ও সার্জন
ঃ মোঃ তৌহিদুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এমএস (নিউরোসার্জারী)
নিউরোসার্জারী, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল
চেম্বার: মাউন্ট এডোরা হসপিটাল, আখালিয়া।
দেখার সময়: শনি থেকে বুধবার, বিকাল ৫টা-রাত ৯টা
য়ালের জন্য: ০৯৬১০ ৮৪৮৪৮৪, ০১৭০৭ ০৭৯৭১৭
ন্ট এডোরা হসপিটাল, সিলেট
unt Adora Hospital, Sylhet

দৈনিক
সিলেটের ডাক
www.sylheterdak.com.bd
THE DAILY SYLHETER DAK

নবজাতক, শিশু
ডাঃ জিয়া
এমবিবি
পার্ক ভিউ মেডি
বিএমডি
রোগী দেখার সময় : শনি থে
সিরিয়ালের
ইবনে সিনা ডা
মেডিকেল

নং-চ ৭১ • ৪১ তম বর্ষ • ২১৫ সংখ্যা [পৃষ্ঠা ৮] সিলেট শুক্রবার • ০৮ ফাল্গুন ১৪৩১ বাংলা • ২১ শাবান ১৪৪৬ হিজরি • ২১ ফেব্রুয়ারি ২০২৫

প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতাকে কাজে লাগিয়ে উপযুক্ত কর্মসংস্থানের আহ্বান

ডাক ডেস্ক : বাংলাদেশ বিজনেস এন্ড ডিসএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন) এর উদ্যোগে ও সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় কর্মক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তি ও সুষ্ঠু কর্মসংস্থান নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র কনফারেন্স হলে গতকাল বৃহস্পতিবার এ সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিবিডিএন ডিরেক্টর অপারেশন আজিজা আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি (ভারপ্রাপ্ত) ফয়েজ হাসান ফেরদৌস বলেন, প্রতিবন্ধীদের সক্ষমতাকে কাজে লাগিয়ে তাদের জন্য উপযুক্ত কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে হবে। পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তিদের দায়িত্ব নেয়া আমাদের সামাজিক দায়িত্ব। তিনি আরও বলেন, সিলেট চেম্বার ইতোপূর্বে প্রতিবন্ধীদের নিয়ে অনেক কার্যক্রম পরিচালনা করেছে। যার মধ্যে প্রতিবন্ধীদের চাকুরীমেলা অন্যতম। কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড » ২ এর পৃ. ৩ ক. দেখুন

বাংলাদেশ বিজনেস এন্ড ডিসএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন) এর উদ্যোগে ও সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় কর্মক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তি ও সুষ্ঠু কর্মসংস্থান নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন সিলেট চেম্বারের সভাপতি (ভারপ্রাপ্ত) ফয়েজ হাসান ফেরদৌস

প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতাকে

(১ম পাতার পর)

ইন্ডাস্ট্রি'র ভারপ্রাপ্ত সভাপতি লুবানা ইয়াসমিন শম্পা, ফুলকলি ফুড প্রোডাক্ট এর ডিজিএম মো. জসিম উদ্দিন। উপস্থিত ছিলেন উইমেন্স চেম্বার পরিচালক সালসাবিলা মাহবুব কান্তা, সিপিবিসিপিও এক্সিকিউটিভ ডিরেক্টর কাজী মহসিন কবির, ফুলকলি ফুড প্রোডাক্ট এর ম্যানেজার (কাস্টমস এন্ড ভ্যাট) মো. তাসলিম উদ্দিন চৌধুরী।

সভাপতির বক্তব্যে বিবিডিএন ডিরেক্টর অপারেশন আজিজা আহমেদ বলেন, বিবিডিএন দেশের বিভিন্ন জেলায় প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে কাজ করে যাচ্ছে। এতে করে সমাজে পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তিগণ দেশের জন্য বোঝা না হয়ে সম্পদ রূপান্তরিত হচ্ছে। তাদেরকে সহযোগিতা করলে নিশ্চয়ই তারা স্বাবলম্বী হয়ে দেশ ও জাতির কল্যাণে কাজ করতে পারবে।

তিনি আরও বলেন, প্রতিবন্ধী ব্যক্তিরা সমাজকে কিছু দিতে প্রস্তুত কিন্তু সমাজ এখনো প্রস্তুত না। তাদের জন্য সমাজটাকে প্রস্তুত করার দায়িত্ব নিতে হবে আমাদের। দেশের অনেক বড় বড় কোম্পানির সাথে বিবিডিএন প্রতিবন্ধীদের নিয়ে কাজ করছে। আশাকরি, আগামীতে কর্মক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আরও ভালো পরিবেশ তৈরি হবে। কর্মশালায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বিজনেস এন্ড ডিসএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন) এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রুবাইয়া সুলতানা, কমিউনিকেশন এন্ড এডমিন অফিসার নাঈম মোল্লা, সিলেট চেম্বার সচিব গোলাম আক্তার ফারুক, উপ-সচিব সানু উদ্দিন রুবেল এবং সভা সঞ্চালনা করেন সিলেট চেম্বারের সিনিয়র এক্সিকিউটিভ অফিসার মিনতি দেবী। এসময় বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।